# আমার বিদ্যুৎ বিল অস্বাভাবিকভাবে বেড়েছে, অভিযোগ আজহারির



মিজানুর রহমান আজহারি। ছবি: সংগৃহীত

অস্বাভাবিকভাবে বিদ্যুৎ বিল বেড়ে যাওয়ার অভিযোগ তুলেছেন ইসলামিক স্কলার মাওলানা মিজানুর রহমান আজহারি। মঙ্গলবার (৪ আগস্ট) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন।

পোস্টে আজহারি লিখেছেন, তার বাসার বিদ্যুৎ বিলও হঠাৎ করেই স্বাভাবিকের তুলনায় অনেক বেশি এসেছে। একই ধরনের অভিযোগ পরিচিত আরও অনেকের কাছ থেকেও তিনি শুনেছেন বলে উল্লেখ করেন। বিষয়টি গুরুত্বের সঙ্গে খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান তিনি।

এদিকে অতিরিক্ত বিদ্যুৎ বিল নিয়ে গ্রাহকদের অভিযোগের পরিপ্রেক্ষিতে সোমবার (৩ আগস্ট) একটি বিজ্ঞপ্তি প্রকাশ করে বিদ্যুৎ বিভাগ। তবে কয়েক ঘণ্টার মধ্যেই সেই বিজ্ঞপ্তির ভাষায় পরিবর্তন আনা হয়।

LENS ASIA

প্রথম বিজ্ঞপ্তিতে অতিরিক্ত বিদ্যুৎ বিল নিয়ে ‘মিথ্যা তথ্য’ বা ‘অপপ্রচার’ ছড়ানোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছিল। পরে সংশোধিত বিজ্ঞপ্তিতে ওই সতর্কবার্তা বাদ দিয়ে এ বিষয়ে সবাইকে দায়িত্বশীল আচরণ করার আহ্বান জানানো হয়।